**জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে আধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলের পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত গত ০৩ জুন ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। এরই ধারাবাহিকতায় সরকার ৬ (ছয়) টি মেট্রোরেল সমন্বয়ে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকায় মোট ১২৮.৭৪১ কিলোমিটার (উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৪ স্টেশন বিশিষ্ট (উড়াল ৫১ এবং ৫৩) একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে :

**সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০**

| ক্রম | এমআরটি লাইনের নাম | পর্যায় | সম্ভাব্য সমাপ্তির সাল | ধরণ |
|---|---|---|---|---|
| ১. | এমআরটি লাইন-৬ | প্রথম | ২০২৪ | উড়াল |
| ২. | এমআরটি লাইন-১ | দ্বিতীয় | ২০২৬ | উড়াল ও পাতাল |
| ৩. | এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট | | ২০২৮ | |
| ৪. | এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট | তৃতীয় | ২০৩০ | |
| ৫. | এমআরটি লাইন-২ | | | |
| ৬. | এমআরটি লাইন-৪ | | | উড়াল |

এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদযাপন বর্ষের ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ সরকার বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের পরিকল্পনা গ্রহণ করেছে। ২০২৬ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design-এর কাজ চলমান আছে। ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route-এর Engineering Service-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ২০৩০ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route-এর TPP অনুমোদিত হয়েছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে Basic Study শুরু হয়েছে। ২০৩০ সালের মধ্যে MRT Line-4 নির্মাণের লক্ষ্যে Feasibility Study করার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ৩য় পর্ব হতে মতিঝিল পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলেছে। সার্বিক গড় অগ্রগতি ৪০.৩৬%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৬৭.৯৭%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৩৫.৯৯%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ২৫.২৫%। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত MRT Line-6 বর্ধিত করার জন্য Social Survey চলছে। এ অংশের দৈর্ঘ্য ১.১৬ কিলোমিটার।

**প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি**

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ জানুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%।

- **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে মোট ৫২টি অবকাঠামো নির্মাণ করতে হবে। ইতোমধ্যে যে সকল অবকাঠামোর নির্মাণ কাজ শেষ হয়েছে তন্মধ্যে অন্যতম হল: Retaining wall, Test track bed, Coach unloading area, Embedded track, Jack pit, Bogie turn table, Underfloor wheel lathe pit, Bogie wash plant, Bogie assemble-disassemble pit, Inspection pit, Interface pit foundation, Stabling yard, ড্রেনেজ লাইন, Storm ড্রেনেজ, পানি ও ফায়ার ফাইটিং লাইন ও Duct Bank. যে সকল অবকাঠামোর কাজ চলমান রয়েছে তন্মধ্যে উল্লেখ্যযোগ্য হল: Work shop, Stabling shed, Operation control centre, Auxiliary sub-station ভবন, Traction sub-station ভবন, কেন্দ্রীয় store, Depot controller অফিস, প্রশাসনিক ভবন, Training center, ডরমেটরী ভবন, মেডিক্যাল সেন্টার, কেন্টিন, Rolling stock maintenance ভবন, Crew booking ভবন, Chief Depot controller ভবন, Effluent Treatment Plant (ETP) ও Sewage Treatment Plant (STP) ও অভ্যন্তরীন রাস্তা আগামী জুন ২০২০ মাসে ডিপো এলাকার পূর্ত কাজ সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে। ডিপো এলাকার পূর্ত কাজের বাস্তব অগ্রগতি ৬২.০০%।

- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল ও আই-গার্ডার নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৭৬৬টি পাইল ক্যাপ এর মধ্যে ৭৬১ টি পাইল ক্যাপ, ৩৯৩টি পিয়ার হেডের মধ্যে ৩৮৭ টি পিয়ার হেড এবং ৫,১৪৯টি প্রিকাস্ট সেগম্যান্ট কাস্টিং-এর মধ্যে ৫,১২৩ টি প্রিকাস্ট সেগম্যান্ট কাস্টিং নির্মাণ সম্পন্ন হয়েছে। ১১.৭৩ কিলোমিটার এর মধ্যে ০৯ (নয়) কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। ধারাবাহিকভাবে ভায়াডাক্ট erection এর কাজ এগিয়ে চলছে। যেখানে ভায়াডাক্ট স্থাপন করা হয়েছে সেখানে parapet wall এর নির্মাণ কাজ এগিয়ে চলছে। ০৯টি স্টেশনের sub-structure নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে উত্তরা উত্তর, উত্তরা সেন্টার এবং উত্তরা সাউথ স্টেশনের concourse নির্মাণের কাজ চলছে। মেট্রোরেল নির্মাণে স্বাভাবিক পানির প্রবাহ ও ট্রাফিক ব্যবস্থাপনা যাতে বাঁধাগ্রস্থ না হয় তা বিবেচনায় ০৫টি long span balance cantilever এর মধ্যে ০১টি সমাপ্ত হয়েছে এবং বাকী ০৪ টি নির্মাণ কাজ অব্যাহত আছে। পিয়ার-৪৪ থেকে পিয়ার-১০২ পর্যন্ত ১.৭৪ কিলোমিটার ভায়াডাক্ট রেললাইন ও Overhead Catenaries System (OCS) Mast স্থাপনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করা হয়েছে। সার্বিক অগ্রগতি ৬৬%।

- **প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মূল পাইল নির্মাণের নিমিত্ত ৩০০টি ট্রায়াল ট্রেঞ্চ এর মধ্যে সকল ট্রায়াল ট্রেঞ্চ এর কাজ সম্পন্ন হয়েছে। মোট ৬২১টি স্থায়ী বোরড্ পাইলের মধ্যে ৬০১টি স্থায়ী বোরড্ পাইল সম্পন্ন হয়েছে। মোট ২০৩টি পাইল ক্যাপ এর মধ্যে ৭৫টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ১০৬টি পিয়ার কলাম এর মধ্যে ৪৭টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। ১০৪৮টি সেগমেন্ট এর মধ্যে ১৬০ টি সেগমেন্ট সম্পন্ন হয়েছে। বাস্তব অগ্রগতি ৩৮.২০%। এছাড়া প্যাকেজ-০৫ এর আওতায় উত্তরার দিয়াবাড়ীতে নির্মাণাধীন মেট্রোরেল এক্সিবিশন ও ইনফরমেশন সেন্টার নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি ৭৭%।

- **প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ কাজ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মূল পাইল নির্মাণের নিমিত্ত ৪২৩ টি ট্রায়াল ট্রেঞ্চ এর মধ্যে ৪০৭ টি ট্রায়াল ট্রেঞ্চ সম্পন্ন হয়েছে। মোট ৮৬২ টি স্থায়ী বোরড্ পাইল এর মধ্যে ৭৬৬টি স্থায়ী বোরড্ পাইল সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপের মধ্যে ১১১টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ১৬০টি পিয়ার কলাম এর মধ্যে ৮২টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। ১৩৬টি পিয়ার হেডের মধ্যে ৬০টি পিয়ার হেড সম্পন্ন হয়েছে এবং ১৬২০টি সেগমেন্ট এর মধ্যে ২০৯টি সেগমেন্ট সম্পন্ন হয়েছে । বাস্তব অগ্রগতি ৪০.২৫%।

- **প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজের Detailed Design সম্পন্ন হয়েছে। টঙ্গি ও মানিকনগর গ্রীড সাব স্টেশনে Bay নির্মাণ এবং উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন (RSS) এর পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। উত্তরা রিসিভিং সাব স্টেশন (RSS) ভবনে ইকুইপমেন্ট স্থাপনের কাজ চলছে। রেলপাত, ১৩২ কেভি ও ৩৩ কেভি ক্যাবলসহ অন্যান্য ক্যাবল ইতোমধ্যে উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে। রেল লাইন নির্মাণের মালামাল যেমন: Rail, Fastening System (Pandrol), Ballast (Partly), Sleeper (Partly), Mass Spring System, Scissor Cross Over, H-Beam Steel Structure ইত্যাদি; বিদ্যুৎ সরবরাহের জন্য সাব-স্টেশন এবং Overhead Catenary System নির্মাণের মালামাল 132 KV Gas Insulated Switchgear (GIS), Dry Type Transformer, 33 KV Switchgear, OCS Mast ইত্যাদি উত্তরা ডিপোতে সরবরাহ পাওয়া গেছে। ভায়াডাক্টের উপর রেল লাইন বসানোর ও আনুসঙ্গিক বৈদ্যুতিক কাজ, ডিপোর অভ্যন্তরে রেল লাইন স্থাপন, ওভারহেড ক্যাটেনারি সিস্টেমের মাস্ট স্থাপন কাজ, ১৩২ কেভি বৈদ্যুতিক ক্যাবল লেইং এবং মতিঝিল রিসিভিং সাব-স্টেশন ভবন নির্মাণ কাজ চলছে। ডিপোর অভ্যন্তরে এক কিলোমিটার রেল লাইন বসনো হয়েছে। বাস্তব অগ্রগতি ৩২.৩০ %।
- **প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্টের Detailed Design ১৩ মার্চ ২০১৯ তারিখ সম্পন্ন হয়েছে। Bogie নির্মাণের কাজ ১৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ জাপানে শুরু হয়েছে। যাত্রীবাহী কোচ (কারবডি) নির্মাণের কাজ ১৬ এপ্রিল ২০১৯ তারিখ জাপানে শুরু করা হয়েছে। মেট্রো ট্রেনের Mock Up গত ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখ উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে। মেট্রোরেল সম্পর্কে সম্যক ধারণা প্রদানের নিমিত্ত আগামি মার্চ ২০২০ মাসে উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition & Information Center জনসাধারণের জন্য উন্মুক্ত করে দেয়া হবে। আগামি ১৫ জুন ২০২০ তারিখ প্রথম মেট্রো ট্রেন সেট বাংলাদেশে পৌঁছার জন্য নির্ধারিত আছে। মেট্রো ট্রেন বাংলাদেশে পৌঁছানোর পর Integrated Test এবং Trail Run শুরু করা হবে। বাস্তব অগ্রগতি ২০.৫০%।